


স্মারক নং-১২.০০.০০০০.০৯৭.০২.০০২.১৬-৩৪৯

তারিখ : ০৯-০৪-১৭ খ্রি:

বিষয় : জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৯২তম সভার কার্যবিবরণী প্রেরণ।

কৃষি সচিব ও জাতীয় বীজ বোর্ডের সভাপতি জনাব মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ মহোদয়ের সভাপতিত্বে ০৫-০৪-২০১৭ তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৯২তম সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : ক) ৯২তম সভার কার্যবিবরণী (কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট ই-মেইলে প্রেরণ করা হয়েছে)।
খ) উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'।



(মো: আজিম উদ্দিন)

প্রধান বীজতত্ত্ববিদ

ফোন/ফ্যাক্স : ৯৫৪০২৩৮

E-mail: azimsced@gmail.com

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০০;
- ০২। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
- ০৩। নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি, ফার্মগেট, ঢাকা-১২১৫;
- ০৪। যুগ্ম সচিব (ব্যয় নিয়ন্ত্রণ ও পরিদর্শন), অর্থ বিভাগ (কক্ষ নং-২১৯), অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৫। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
- ০৬। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা-১২১৫;
- ০৭। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১;
- ০৮। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১;
- ০৯। মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭;
- ১০। মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাকুবি চত্বর, ময়মনসিংহ-২২০০;
- ১১। মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদি, পাবনা-৬৬২০;
- ১২। নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
- ১৩। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর-১৭০১;
- ১৪। পরিচালক, মুক্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা-১২১৫;
- ১৫। পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
- ১৬। জনাব এম আনিস উদ দৌলা, চেয়ারম্যান, এসিআই লি: এবং সভাপতি, বাংলাদেশ সীড এসোসিয়েশন, সিদ্দিক বাজার, ঢাকা।

অবগতি ও সদয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য);
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য);
- ০৩। সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৪। প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ০৫। অতিরিক্ত সচিব (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৬। মহাপরিচালক, বীজ অনুবিভাগ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৭। অফিস কপি/মাস্টার ফাইল।

জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৯২তম সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ, সচিব, কৃষি মন্ত্রণালয়
 সভার তারিখ : ০৫ এপ্রিল ২০১৭
 সময় : সকাল ১০.০০ টা
 স্থান : কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
 উপস্থিতি : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং প্রধান বীজতত্ত্ববিদ, জনাব মো: আজিম উদ্দিনকে ৯২তম সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের আহ্বান জানান। প্রধান বীজতত্ত্ববিদ সভায় আলোচ্য বিষয়সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

আলোচ্যসূচি-১ : ১ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ডের ৯১তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ

আলোচনা : জাতীয় বীজ বোর্ডের (এনএসবি) ৯১তম সভা ০১/০২/২০১৭ খ্রি: তারিখে কৃষি মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী ০৫/০২/২০১৭ খ্রি: তারিখে ১২.০০.০০০০.০৯৭.০২.০০২.১৬.১৪৩ নম্বর স্মারকের মাধ্যমে বোর্ডের সকল সদস্যের নিকট পাঠানো হয়। অদ্যাবধি এ ব্যাপারে কোনো মতামত পাওয়া যায়নি বিধায় উক্ত সভার কার্যবিবরণী নিশ্চিত করা যেতে পারে।

সিদ্ধান্ত : জাতীয় বীজ বোর্ডের ৯১তম সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।

আলোচ্যসূচি-২ : পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
প্রস্তাবিত বীজ আইনের খসড়া-২০১৭	বীজ আইন, ২০১৭ এর খসড়াটি ভেটিং এর জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে।	ভেটিংকৃত খসড়াটি আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে পাওয়ার পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।
উদ্ভিদ সংগনিরোধ বিধিমালা-২০১৭ এর খসড়া বাংলা ভাষায় অনুবাদ	অংশীজনদের নিয়ে ১২/০২/২০১৭ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে; সভার সিদ্ধান্ত অনুযায়ী আরো কিছু মতামত পাওয়া গেছে; তা সংযোজন বিয়োজন করার জন্য বিশেষজ্ঞ কমিটিকে মার্চ মাসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হয়েছিল। কমিটি হতে পুনর্বিন্যাসকৃত খসড়া পাওয়া গেছে, যা আন্ত:মন্ত্রণালয় সভায় উপস্থাপন করা হবে।	খসড়াটির উপর নতুন কোনো মতামত থাকলে তা লিখিতভাবে আগামী ২০/০৪/২০১৬ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে জানাতে হবে। মতামত যাচাই বাছাই করে উদ্ভিদ সংগনিরোধ বিধিমালা-২০১৭ এর খসড়া প্রস্তুত করে পরবর্তীতে আন্ত:মন্ত্রণালয় সভা আহ্বান করতে হবে।
ন্যাশনাল প্ল্যান্ট জেনেটিক রিসোর্স ইনস্টিটিউট (NPGRI) কর্তৃপক্ষ গঠন	বিশেষজ্ঞ কমিটি ও সংশ্লিষ্ট অংশীজনদের উপস্থিতিতে ১৪/০২/২০১৭ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রাপ্ত মতামত যাচাই বাছাই করে বিশেষজ্ঞ কমিটি পূর্ণাঙ্গ খসড়া মন্ত্রণালয়ে প্রেরণ করলে আন্ত:মন্ত্রণালয় সভা আহ্বান করা হবে।	বিশেষজ্ঞ কমিটি হতে ন্যাশনাল প্ল্যান্ট জেনেটিক রিসোর্স ইনস্টিটিউট (NPGRI) কর্তৃপক্ষ গঠনের পূর্ণাঙ্গ খসড়া পাওয়ার পর আন্ত:মন্ত্রণালয় সভা আহ্বান করতে হবে।

আলোচ্যসূচি-৩ : চলতি পাট উৎপাদন মৌসুমে ব্যবহারের জন্য অতিরিক্ত পাট বীজ আমদানির পরিমাণ অনুমোদন।

আলোচনা : কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর উদ্ভিদ সংগনিরোধ উইং হতে অতিরিক্ত ৫০০ মে.টন পাট বীজ আমদানির প্রস্তাবের বিষয়ে আলোচনায় অংশ নিয়ে বাংলাদেশ সীড এসোসিয়েশনের (বিএসএ) এর সাধারণ সম্পাদক সভাকে জানান, চলতি বছরে যতটুকু পাট বীজ অনুমোদন দেয়া হয়েছে তা পর্যাপ্ত এবং অতিরিক্ত আমদানির প্রয়োজন নেই। বিজেআরআই'র মহাপরিচালক সভাকে জানান, গত বছরে ৫,৫০০ মে.টন তোষা পাট বীজ আমদানির অনুমোদন

দেয়া হলেও প্রকৃত আমদানির পরিমাণ ছিল ৪,০৮১ মে.টন। চলতি বছরে পাট চাষের আওতায় জমির পরিমাণ বৃদ্ধি পেলেও পূর্ববর্তী সভায় অনুমোদিত ৫,০০০ মে.টনের বেশি বীজের প্রয়োজন নেই। ডিএই'র সরেজমিন উইংয়ের পরিচালক সভাকে জানান, পাট বীজ আমদানির প্রাথমিক পর্যায়ে বীজের বাজার মূল্য এবং মাঠ পর্যায়ে কৃষকের চাহিদা বিবেচনা করে অতিরিক্ত পাট বীজ আমদানি অনুমোদনের জন্য প্রস্তাব করা হয়েছিল; কিন্তু বর্তমানে বাজার মূল্য স্থিতিশীল এবং বীজের পর্যাপ্ত সরবরাহের কারণে অতিরিক্ত পাট বীজ আমদানির প্রয়োজন নেই। তবে স্বল্প পরিমাণে কেনাফ বীজ আমদানি করা যেতে পারে। বিএডিসি'র চেয়ারম্যান জানান বিএডিসির বিক্রয়কেন্দ্রে অবিক্রিত কেনাফ বীজ রয়েছে; যা দিয়ে কেনাফ বীজের চাহিদা পূরণ সম্ভব। এ বিষয়ে সভার বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত: বর্তমান পরিবর্তিত পরিস্থিতিতে অতিরিক্ত ৫০০ মে.টন তোষা পাট বীজ আমদানির প্রয়োজন নেই। তবে চলতি মৌসুমে অতিরিক্ত পাট বীজ আমদানির জরুরি প্রয়োজনে জাতীয় বীজ বোর্ডের সদস্য এবং সংশ্লিষ্ট অংশীজনদের সাথে টেলিফোনে আলোচনা করে পাট বীজ আমদানির বিষয়ে সভাপতি তাৎক্ষণিক সিদ্ধান্ত গ্রহণ করবেন এবং বোর্ডের পরবর্তী সভায় অবহিত করা হবে।

আলোচ্যসূচি-৪: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত হাইব্রিড ধানের ১টি জাত নিবন্ধন ও ইনব্রিড ধানের ২টি জাত ছাড়করণ।

আলোচনা- প্রস্তাবিত ব্রি হাইব্রিড ধান৬: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের প্রস্তাবিত হাইব্রিড ধানের জাতটির গড় জীবনকাল ১১৫-১২০ দিন। ফলন ৬ টন/হেক্টর। জাতটির চাল চিকন ও লম্বাকৃতির। ঢাকা, চট্টগ্রাম ও যশোর অঞ্চলে জাতটির গড় ফলন চেক জাত বিনা ধান ৭ এর চেয়ে ২০% এর অধিক হওয়ায়; উল্লিখিত ৩টি অঞ্চলে আমন মৌসুমে চাষাবাদের জন্য কারিগরি কমিটি ব্রি হাইব্রিড ধান ৬ হিসেবে ব্রি'র প্রস্তাবিত হাইব্রিড ধানের জাতটি শর্ত স্বাপেক্ষে নিবন্ধনের সুপারিশ করেছে।

সিদ্ধান্ত: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত ও কারিগরি কমিটির সুপারিশকৃত হাইব্রিড ধানের জাতটি ব্রি হাইব্রিড ধান৬ হিসেবে আমন মৌসুমে চাষাবাদের জন্য ঢাকা, চট্টগ্রাম ও যশোর এই ৩টি অঞ্চলে নিম্নবর্ণিত শর্ত স্বাপেক্ষে নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

শর্ত ১ : প্যাকেটের গায়ে বীজ উৎপাদনের বছর ও প্যাকিং এর তারিখ উল্লেখ করতে হবে। যে অঞ্চলের জন্য নিবন্ধন দেওয়া হবে শুধুমাত্র সে অঞ্চলেই বীজ বিক্রি করতে হবে এবং প্যাকেটের গায়ে কোন অঞ্চলের জন্য নিবন্ধনকৃত তা লিখতে হবে।

শর্ত ২ : যে নামে হাইব্রিড জাত নিবন্ধন করা হবে শুধু সে নামেই বাজারজাত করতে হবে। পরবর্তীতে কোন ক্রমেই অন্য বিকল্প নাম সংযোজন/পরিবর্তন করা যাবে না।

আলোচনা- BR 9159-8-5-40-14-57 (প্রস্তাবিত ব্রি ধান৭৯) : প্রস্তাবিত কৌলিক সারিটি ব্রি ধান৯৯ এবং ব্রি ধান৫২ এর সংকরায়নের মাধ্যমে Marker Assisted Selection পদ্ধতিতে জলমগ্নতাসহিষ্ণু জিন সংযোজন করে উদ্ভাবন করা হয়েছে। জাতটির ডিগপাতা খাড়া ও লম্বা, কুশিগুলো গাছের গোড়ার দিকে ঘনভাবে সন্নিবেশিত। জীবনকাল বন্যামুক্ত পরিবেশে ১৩৫ দিন। জাতটির চাল লম্বা ও মাঝারী চিকন এবং ভাত ঝরঝরে রং সাদা। জাতটির সর্বোচ্চ ফলন হেক্টরে ৫.৫-৭.০ মে.টন। প্রচলিত জাতের তুলনায় এটির অন্যতম বৈশিষ্ট্য হচ্ছে বন্যা প্রবণ অঞ্চলে রোপা আমন মৌসুমে ১৮-২১ দিনের আকস্মিক বন্যায় ডুবে থাকলে এবং বন্যার পানি সরে যাওয়ার পরে ১৫-২০ দিনের মাঝারি মাত্রায় (৫০-৬০ সে.মি.) জলাবদ্ধতা থাকলেও এই জাতটি হেক্টর প্রতি ৪.০-৪.৫ টন ফলন দিতে সক্ষম; কিন্তু এ অবস্থায় ব্রি ধান৫১ এবং ব্রি ধান৫২ এর ফলন কমে যায়। ২০১৫-১৬ আমন মৌসুমে ৩ টি অঞ্চলের ১০টি স্থানে জাতটির ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ৭টি স্থানে জাতটিকে ছাড়করণের পক্ষে এবং ৩টি স্থানে জলমগ্নতা ও জলাবদ্ধতা সহনশীলতার উপযুক্ত পরিবেশ পাওয়া যায়নি বিধায় মূল্যায়ন দল কর্তৃক কোনো মতামত প্রদান করা হয়নি। ব্রি'র প্রস্তাবিত কৌলিক সারিটি ব্রি ধান৭৯ হিসাবে ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে।

সিদ্ধান্ত: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত ও কারিগরি কমিটির সুপারিশকৃত BR 9159-8-5-40-14-57 কৌলিক সারিটি ব্রি ধান৭৯ হিসাবে ছাড়করণের অনুমোদন দেয়া হলো।

আলোচনা- BR 7697-15-4-4-2-2 (প্রস্তাবিত ব্রি ধান ৮০) : প্রস্তাবিত কৌলিক সারিটি IR 65610-105-2-5-2-2 এবং IR67423-208-6-2-3-3 নামক জেনোটাইপের সাথে সংকরায়ন করে বংশানুক্রমিক সিলেকশনের মাধ্যমে উদ্ভাবিত। পূর্ণ বয়স্ক গাছের উচ্চতা ১২০ সে.মি.। জাতটির গড় জীবনকাল ১৩০-১৩৫ দিন। ১০০০ পুষ্ট ধানের ওজন প্রায় ২৬.২ গ্রাম। চালের আকার আকৃতি মাঝারি লম্বা ও মোটা এবং সুগন্ধি থাকায় বিদেশে রপ্তানিযোগ্য।

Handwritten mark

জাতের জীবনকাল ব্রি ধান৩৭ এর চেয়ে ১০-১৫ দিন কম। ধান লম্বা ও সামান্য মোটা এবং ডিগ পাতা খাড়া ও লম্বা। এ জাতটির হেক্টরে ৪.৫-৫ টন ফলন পাওয়া যায়। এই জাতের রোগ বালাই ও পোকামাকড়ের আক্রমণ প্রচলিত জাতের চেয়ে কম। ২০১৫-১৬ আমন মৌসুমে দেশের ৬টি অঞ্চলের ৯ টি স্থানে জাতটির ট্রায়াল বাস্তবায়ন করা হয়। মাঠ মূল্যায়ন দল কর্তৃক ৯টি স্থানের মধ্যে ৮টি স্থানে ছাড়করণের পক্ষে সুপারিশ করা হয়েছে। ব্রি'র প্রস্তাবিত কৌলিক সারিটি ব্রি ধান৮০ হিসাবে ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে।

সিদ্ধান্ত: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত ও কারিগরি কমিটির সুপারিশকৃত BR 7697-15-4-4-2-2 কৌলিক সারিটি ব্রি ধান৮০ হিসাবে ছাড়করণের অনুমোদন দেয়া হলো।

আলোচ্যসূচি-৫: বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) কর্তৃক প্রস্তাবিত আউশ মৌসুমের জন্য ধানের ১টি জাত ছাড়করণ :

আলোচনা : N₁₀-40(C)-1-5 (প্রস্তাবিত বিনা ধান-১৯) : প্রস্তাবিত কৌলিক সারিটি ২০১৩ সালে নেরিকা -১০ ধানের বীজকে জাপান এটমিক এনার্জি এজেন্সী থেকে ৪০ গ্রে মাত্রায় কার্বন আয়ন রশ্মি প্রয়োগ করে উদ্ভাবন করা হয়। প্রাথমিক পরীক্ষায় মিউট্যান্ট সারিটি খরা সহিষ্ণু বিবেচিত হওয়ায় আউশ ও আমন মৌসুমে বৃষ্টি নির্ভর ও সরাসরি বপন পদ্ধতিতে দেশের খরা পীড়িত ও বরেন্দ্র ও পাহাড়ী অঞ্চলসহ বিভিন্ন এলাকায় পরীক্ষণ স্থাপন করা হয়। হেক্টর প্রতি গড় ফলন ৩.৮৪ টন ও সর্বোচ্চ ফলন ৫.০০ মে.টন। এ জাতের জীবনকাল ৯০-১০৫ দিন। জাতটির ২০১৫-১৬ আউশ মৌসুমে ৫টি অঞ্চলের ১২টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ১২ টি স্থানের মধ্যে ১১টি স্থানে ছাড়করণের পক্ষে মতামত পাওয়া যায়। বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত ধানের কৌলিক সারিটি বিনা ধান-১৯ হিসেবে আউশ মৌসুমে সারা দেশে চাষাবাদের জন্য কারিগরি কমিটি ছাড়করণের সুপারিশ করেছে।

সিদ্ধান্ত: বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত ও কারিগরি কমিটির সুপারিশকৃত N₁₀-40(C)-1-5 কৌলিক সারিটি বিনা ধান-১৯ হিসেবে আউশ মৌসুমে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো।

আলোচ্যসূচি-৬ : বিএডিসি এর নেরিকা-১ এবং Nerica Mutant জাত ছাড়করণ সংক্রান্ত উপকমিটির সুপারিশমালা।

আলোচনা : জাতীয় বীজ বোর্ডের ৮৯তম সভায় “প্রস্তাবিত NERICA Mutant জাতটির বৈশিষ্ট্যের Stability পরীক্ষার জন্য আরো এক বছর ডিইউএস করে ফলাফল কারিগরি কমিটিতে প্রেরণের সিদ্ধান্ত ছিল। কারিগরি কমিটি উক্ত জাতটি ছাড়করণে ব্রি ও বিএডিসি'র বক্তব্যের বিষয়ে পরীক্ষা করে প্রতিবেদন দিবে এবং তার ভিত্তিতে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে উল্লেখ ছিল।

কারিগরি কমিটির সুপারিশসহ বিএডিসি এর নেরিকা-১ এবং Nerica Mutant বিষয়ক উপকমিটির প্রস্তাব নিম্নরূপ:

- বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনকে তাদের কার্যক্রমের স্বীকৃতি প্রদান করে ব্রি নেরিকা মিউট্যান্ট শব্দটি বাদ দিয়ে নেরিকা Pure line হিসেবে ছাড়করণের ব্যবস্থা নিবে।
- প্রস্তাবিত নেরিকা Pure line- টি ব্রি কর্তৃক আউশ মৌসুমে আরো এক বছর ডিইউএস টেস্ট ও মাঠ মূল্যায়ন সম্পন্ন করে কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ডের মাধ্যমে ছাড়করণের ব্যবস্থা নিবে।
- নেরিকা Pure line- টি জাত ছাড়করণের আবেদনে কুদরত নামটি অন্তর্ভুক্ত করে ব্রি ধান (কুদরত) হিসেবে প্রস্তাব করা যেতে পারে।

বিএডিসি'র চেয়ারম্যান মহোদয় সভাকে জানান যে, বিএডিসি অধ্যাদেশ, ১৯৬১-এ প্রায়োগিক গবেষণার বিষয়ে উল্লেখ রয়েছে। নতুন প্রস্তাবিত বিএডিসি আইনেও গবেষণার কার্যক্রম পরিচালনার কথা বলা হয়েছে। মাননীয় কৃষি মন্ত্রী কর্তৃক নেরিকা ধান বীজ দেয়ার পর থেকে বিএডিসি অব্যাহতভাবে জাতটি নিয়ে কাজ করে যাচ্ছে এবং গত কয়েক বছর ধরে আউশ প্রণোদনা কর্মসূচীতে কুদরত ব্রান্ড নামে জাতটি ইতোমধ্যে কৃষকদের মাঝে গ্রহণযোগ্যতা পেয়েছে। তাই জাতটি বিএডিসির নামে ছাড়করণের জন্য বিএডিসি'র চেয়ারম্যান সভায় প্রস্তাব করেন। বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট এর মহাপরিচালক বিএডিসি'র নামে নেরিকা ধানের জাতটি ছাড়করণের জন্য সভায় মতামত দেন। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর প্রতিনিধি উল্লেখ করেন নেরিকা

h

Pure line-টি ব্রি কর্তৃক গবেষণা কার্যক্রম সম্পন্ন করে জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির মাধ্যমে উপস্থাপন করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

- সিদ্ধান্ত : (১) বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর কাছে সংরক্ষিত নেরিকা ধানের জাতটি বিএডিসি'র নামে ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।
- (২) বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত জাতটি নেরিকা মিউট্যান্ট শব্দটি বাদ দিয়ে নেরিকা Pure line হিসেবে আউশ মৌসুমে আরো এক বছর ডিইউএস টেস্ট ও মাঠ মূল্যায়ন সম্পন্ন করে জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি প্রচলিত পদ্ধতিতে ছাড়করণের ব্যবস্থা নিবে।

আলোচ্যসূচি-৭: বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) কর্তৃক প্রস্তাবিত পাটের ২টি ও মেস্তার ১টি জাত ছাড়করণ।

আলোচনা-MG1 (প্রস্তাবিত বিজেআরআই তোষা পাট-৭) : প্রস্তাবিত বিজেআরআই তোষা পাট-৭ জাতটি অধিক ফলনশীল। জাতটি উগাভা থেকে সংগৃহীত জার্মপ্লাজম থেকে বিশুদ্ধ সারি নির্বাচনের মাধ্যমে উদ্ভাবন করা হয়েছে। জাতটির গড় জীবনকাল ১৫০-১৫৫ দিন। গাছ লম্বা, গাঢ় মসূন ও দ্রুত বর্ধনশীল; ০-৯৮৯৭ জাতের চেয়েও দ্রুত বৃদ্ধি পায়। আঁশ উৎপাদনের জন্য ১২০দিন সময় লাগে। ২০১৫-১৬ মৌসুমে ৪টি অঞ্চলের ৬টি স্থানে জাতটির ট্রায়াল বাস্তবায়ন করা হয়। প্রস্তাবিত জাতের গড় পপুলেশন ৩.৩ লাখ/হেক্টর, গাছের উচ্চতা ৩.৫৮ মিটার, বেসাল ডায়ামিটার ১৮.২৫ মি.মি। অপরদিকে চেক জাতের গড় পপুলেশন ২.৯২ লাখ/হেক্টর, গাছের উচ্চতা ৩.৩৩ মিটার, বেসাল ডায়ামিটার ১৬.৬৯ মি.মি। ৬টি স্থানের মধ্যে ৬টি স্থানেই জাতটিকে ছাড়করণের পক্ষে মাঠ মূল্যায়ন দল কর্তৃক সুপারিশ করা হয়েছে। বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত কৌলিক সারিটি বিজেআরআই তোষা পাট-৭ হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে।

সিদ্ধান্ত : বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত ও কারিগরি কমিটির সুপারিশকৃত MG1 কৌলিক সারিটি বিজেআরআই তোষা পাট-৭ হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো।

আলোচনা-BJC-5003 (প্রস্তাবিত বিজেআরআই দেশী পাট-৯) : প্রস্তাবিত বিজেআরআই দেশী পাট-৯ নিজস্ব গবেষণায় উদ্ভাবিত এবং দেশী পাটের একটি উন্নত জাত। নাবী বপনযোগ্য দেশী জাত সিভিএল-১ এর সাথে ধবধবে আঁশ এবং নীলাভ বীজের দেশী পাটের জার্মপ্লাজম Acc.১৮৩১ এর সংকরায়নের মাধ্যমে এই জাতটি উদ্ভাবন করা হয়েছে। জাতটির আঁশ উৎপাদনের জন্য ১২০দিন সময় লাগে। প্রচলিত জাতের তুলনায় এর বৈশিষ্ট্য: স্বল্পমেয়াদী জাত, কাণ্ড সবুজ, পাতার বোঁটার উপরিভাগ হালকা লাল রং, পাতা বল্লমাকৃতি এবং হলুদ মাকড়ের আক্রমণ সহিষ্ণু। তিন/চার-ফসলী শস্যক্রমে ব্যবহার উপযোগি। ২০১৫-১৬ মৌসুমে ৪টি অঞ্চলের ৬টি স্থানে জাতটির ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ট্রায়ালকৃত ৬টি স্থানে প্রস্তাবিত জাতের গড় পপুলেশন ৩.৩ লাখ/হেক্টর, গাছের উচ্চতা ৩.৪০ মিটার, বেসাল ডায়ামিটার ২১.৪১ মি.মি। অপরদিকে চেকের গড় পপুলেশন ২.৯৮ লাখ/হেক্টর, গাছের উচ্চতা ৩.১ মিটার, বেসাল ডায়ামিটার ১৯.৯৫ মি.মি। ৬টি স্থানের মধ্যে ৬টি স্থানেই জাতটিকে ছাড়করণের পক্ষে মাঠ মূল্যায়ন দল কর্তৃক সুপারিশ করা হয়েছে। বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত কৌলিক সারিটি বিজেআরআই দেশী পাট-৯ হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে।

সিদ্ধান্ত : বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত ও কারিগরি কমিটির সুপারিশকৃত BJC-5003 কৌলিক সারিটি বিজেআরআই দেশী পাট-৯ হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো।

আলোচনা-SAMU-৯৩ (প্রস্তাবিত বিজেআরআই মেস্তা-৩) : প্রস্তাবিত বিজেআরআই মেস্তা-৩ বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত পাটের মতই আঁশ উৎপাদনকারী মেস্তার (*Hibiscus sabdarifa* L.) একটি উন্নত জাত। এ জাতটি Malvaceae পরিবারের অন্তর্ভুক্ত। গাছের উচ্চতা প্রায় ৭.৩২ ফুট। আঁশ উৎপাদনের জন্য ১২০দিন সময় লাগে। এ জাত উঁচু, মাঝারি উঁচু, খরা পীড়িত চরাঞ্চলের পতিত বেলে জমি ও শুষ্ক অঞ্চলের প্রান্তিক জমিতে বপন উপযোগি বলে প্রমাণিত হয়েছে। খরা সহনশীল ও নেমাতোড প্রতিরোধী। এ জাতটি শিকড়ে গিট রোগ দ্বারা আক্রান্ত হয় না। সম্পূর্ণ মসূণ ও দ্রুত বর্ধনশীল এ জাতের কাণ্ড, পত্র ও উপপত্র গাঢ় সবুজ, যা এ পর্যন্ত উদ্ভাবিত মেস্তা জাতসমূহ থেকে সম্পূর্ণ আলাদা। ফলে মসূণ মেস্তার এ জাতটি অন্যান্য জাতের তুলনায়

কৃষকের নিকট অধিক পছন্দনীয়। ২০১৫-১৬ মৌসুমে ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রংপুরসহ ৪টি অঞ্চলের ৬টি স্থানে জাতটির ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ট্রায়ালকৃত ৬টি স্থানে প্রস্তাবিত জাতের গড় পপুলেশন ৩.০৮ লাখ/হেক্টর, গাছের উচ্চতা ২.২৩ মিটার, বেসাল ডায়ামিটার ১৬.৭ মি.মি.। অপরদিকে চেকের গড় পপুলেশন ২.৪২ লাখ/হেক্টর, গাছের উচ্চতা ১.৭৫ মিটার, বেসাল ডায়ামিটার ১৩.৮ মি.মি.। ৬টি স্থানের মধ্যে ৬টি স্থানেই জাতটিকে ছাড়করণের পক্ষে মাঠ মূল্যায়ন দল কর্তৃক সুপারিশ করা হয়েছে। বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত কৌলিক সারিটি বিজেআরআই মেস্তা-৩ হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে।

সিদ্ধান্ত : বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত ও কারিগরি কমিটির সুপারিশকৃত SAMU-৯৩ কৌলিক সারিটি বিজেআরআই মেস্তা-৩ হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো।

আলোচ্যসূচি-৮ : বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট (বিএসআরআই) কর্তৃক প্রস্তাবিত আখের ১টি জাত ছাড়করণ।

আলোচনা- আই ২৯০-০৮ (প্রস্তাবিত বিএসআরআই আখ-৪৬) : প্রস্তাবিত বিএসআরআই আখ-৪৬ সারিটি ২০০৬ সালে আই ৭৭-০১ ক্লোন এর সাথে আই ৬৪-৯৮ ক্লোন এর সংকরায়নের মাধ্যমে উদ্ভাবন করা হয়েছে। পরবর্তীতে বিভিন্ন পরীক্ষা নিরীক্ষার পর ২০১৬ সালে চূড়ান্তভাবে বাছাই করা হয়। প্রস্তাবিত সারির কাভ লম্বা, সোজা ও মধ্যম আকারের এবং হলুদাভ সবুজ। এ জাতের ইক্ষুতে ফুল দেখা যায়। এ জাতের আখে বিদ্যমান চিনির পরিমাণ ঈশ্বরদী ৩৯ জাতের চেয়ে বেশী। জাতটি বন্যা ও জলাবদ্ধতা সহিষ্ণু। প্রস্তাবিত জাতটি ঈশ্বরদী ৩৯ এর মত লাল পচা ও স্ম্যাট রোগ প্রতিরোধ ক্ষমতাসম্পন্ন।

২০১৫-১৬ মৌসুমে ৪ টি অঞ্চলের ৫টি স্থানে জাতটির ট্রায়াল করা হয়। জাতটির জীবনকাল ৩৩০-৩৪৬ দিন। ট্রায়ালকৃত ৫টি স্থানে প্রস্তাবিত জাতের গড় ফলন ১১৫.৬ টন/হে: এবং চেকজাত ঈশ্বরদী ৩৯ এর গড় ফলন ৯৩.৫ টন/হে: পাওয়া যায়। ট্রায়ালকৃত ৫টি স্থানেই জাতটিকে ছাড়করণের পক্ষে মাঠ মূল্যায়ন দল কর্তৃক সুপারিশ করা হয়েছে। বিএসআরআই উদ্ভাবিত ইক্ষুর ক্লোন আই ২৯০-০৮ লাইনটি বিএসআরআই আখ-৪৬ হিসেবে সারা দেশে ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে।

সিদ্ধান্ত : বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট এর প্রস্তাবিত ও কারিগরি কমিটির সুপারিশকৃত ইক্ষুর ক্লোন আই ২৯০-০৮ লাইনটি বিএসআরআই আখ-৪৬ হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো।

পরিশেষে সভাপতি নতুন জাত উদ্ভাবনের জন্য সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান ও বিজ্ঞানীদেরকে ধন্যবাদ জানান এবং কৃষক পর্যায়ে বিভিন্ন ফসলের নতুন জাত দ্রুত সম্প্রসারণের উদ্যোগ নেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ)
সচিব
কৃষি মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

জাতীয় বীজ বোর্ডের ৯২তম সভায় উপস্থিত কর্মকর্তাদের স্বাক্ষরের তালিকা

বিষয় : জাতীয় বীজ বোর্ডের ৯২তম সভা
তারিখ : ০৫-০২-২০১৭ খ্রি:, সময় : সকাল ১০.০০ টা
স্থান : সম্মেলন কক্ষ, কৃষি মন্ত্রণালয়
সভাপতি : সচিব, কৃষি মন্ত্রণালয়

ক্র: নং	নাম	পদবী ও প্রতিষ্ঠানের নাম	মোবাইল নম্বর ও ই-মেইল	স্বাক্ষর
১	শ্রী: নাজিমুজ্জামান	চেয়ারম্যান বিএ ডি সি	০১৫৫৬৩১৫৫০৭	
২	শ্রী: মোস্তাফিজ উদ্দিন আমিন	সিনিয়র সিস্টেম অফিসার (০২), কৃষি মন্ত্রণালয়	০১৭১৫০৪৭৫৫০	
৩	শ্রী: মোঃ জেলে আলী হোসেন	সিনিয়র সিস্টেম অফিসার কৃষি মন্ত্রণালয়		
৪	শ্রী: মোঃ জগজীৱ আলী	সিনিয়র সিস্টেম অফিসার বিএ, মন্ত্রণালয়	০১৭১৫০৪৭৫৫০৩৩	
৫	শ্রী: মোঃ আমজাদ হোসেন	সিনিয়র সিস্টেম অফিসার কৃষি মন্ত্রণালয়	০১৭১৩০৪২১১২	
৬	শ্রী: মোঃ জেহিদ উদ্দিন	সিনিয়র সিস্টেম অফিসার কৃষি মন্ত্রণালয়	০১৭১১০২০৭৭৪	
৭	শ্রী: মোঃ দেলোয়ার হোসেন জামিল	সিনিয়র সিস্টেম অফিসার কৃষি মন্ত্রণালয়	০১৭১৬৬৭৭৭৭	
৮	শ্রী: মোঃ জামিল আলী	সিনিয়র সিস্টেম অফিসার কৃষি মন্ত্রণালয়	০১৭২০৬২০৬২১ mdjkludali1958@gmail.com	
৯	শ্রী: মোঃ হাফিজুল হোসেন	সিনিয়র সিস্টেম অফিসার (০১), কৃষি মন্ত্রণালয়	০১৭১৪৫১৫৭১২ mhosain_doe@hotmail.com	
১০	শ্রী: মোঃ হাফিজুল হোসেন	সিনিয়র সিস্টেম অফিসার কৃষি মন্ত্রণালয়	০১৭২৭২১০১২০৫	
১১	শ্রী: মোঃ হাফিজুল হোসেন	সিনিয়র সিস্টেম অফিসার কৃষি মন্ত্রণালয়	০১৭১৩১১৪৭০৭	

নাম	পদবী, প্রতিষ্ঠান	সংযোগ নং	তারিখ
১২ ড. মো: আব্দুল হোসেন	স্বাধীনতা উন্নয়ন সংস্থা, কামরাঙ্গা, মঠাঙ্গা, কামরাঙ্গা	০২৭২৭৫৪৪৪	০৫/০৪/১৭
১৩ ড. মো: মোনছুর আলী	পরিচালক (স্বাধীনতা) সি	০১৭২৫০৫৩৫ ৪২	০৫/০৪/১৭
১৪ মোঃ ইকবাল	পরিচালক স্বাধীনতা সংস্থা	০২৭০২৫৭০২৭০	০৫/০৪/১৭
১৫ ড. মো: এমতি হোসেন	স্বাধীনতা উন্নয়ন (স্বাধীনতা) (স্বাধীনতা)	০১৭৪১০৩১১৭	০৫/০৪/১৭
১৬ ড. মো: মোহাম্মদ হোসেন	স্বাধীনতা উন্নয়ন (স্বাধীনতা) স্বাধীনতা উন্নয়ন (স্বাধীনতা)	০১৭১৪৬৩০৭৭১	০৫/০৪/১৭
১৭ ড. মো: আব্দুল হোসেন উপ-পরিচালক (স্বাধীনতা)	উপ-পরিচালক (স্বাধীনতা) স্বাধীনতা উন্নয়ন (স্বাধীনতা)	০১৭৫৬৪৭২০৫১	০৫/০৪/১৭
১৮ ড. মোহাম্মদ হোসেন	স্বাধীনতা উন্নয়ন (স্বাধীনতা) স্বাধীনতা উন্নয়ন (স্বাধীনতা)	০১৭১৫৩৪২৩২৭	০৫/০৪/১৭
১৯ মো: মোহাম্মদ হোসেন	স্বাধীনতা উন্নয়ন (স্বাধীনতা) স্বাধীনতা উন্নয়ন (স্বাধীনতা)	০১৫৫৬৩৫১১৫৩	০৫/০৪/১৭
২০ মোহাম্মদ হোসেন	স্বাধীনতা উন্নয়ন (স্বাধীনতা) স্বাধীনতা উন্নয়ন (স্বাধীনতা)	০১৭১৪০১৪৭১০	০৫/০৪/১৭
২১ ড. মো: আব্দুল হোসেন	স্বাধীনতা উন্নয়ন (স্বাধীনতা) স্বাধীনতা উন্নয়ন (স্বাধীনতা)	০১৭৫০০৬০৩৩৩	০৫/০৪/১৭
২২ ড. মো: আব্দুল হোসেন	স্বাধীনতা উন্নয়ন (স্বাধীনতা) স্বাধীনতা উন্নয়ন (স্বাধীনতা)	০১৭১০৭৬৩০০৩	০৫/০৪/১৭
২৩ ড. মো: আব্দুল হোসেন	স্বাধীনতা উন্নয়ন (স্বাধীনতা) স্বাধীনতা উন্নয়ন (স্বাধীনতা)	০১৭০৩৫৪৪৬০৬	০৫/০৪/১৭
২৪ ড. মো: আব্দুল হোসেন	স্বাধীনতা উন্নয়ন (স্বাধীনতা) স্বাধীনতা উন্নয়ন (স্বাধীনতা)	০১৭০৫২৫০৬০৬	০৫/০৪/১৭
২৫ ড. মো: আব্দুল হোসেন	স্বাধীনতা উন্নয়ন (স্বাধীনতা) স্বাধীনতা উন্নয়ন (স্বাধীনতা)	০১৭০৬৫০০৬০৬	০৫/০৪/১৭
২৬ মোহাম্মদ হোসেন	স্বাধীনতা উন্নয়ন (স্বাধীনতা) স্বাধীনতা উন্নয়ন (স্বাধীনতা)	০১৭০৩৪৭০১০২	০৫/০৪/১৭